**বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ**
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফই সার্কুলার নং-০৩

তারিখ ঃ ০৯ মাঘ ১৪২৬
২৩ জানুয়ারি ২০২০

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়,

**রপ্তানিমুখী দেশীয় বস্ত্রখাতে শুল্ক বন্ড ও ডিউটি ড্র-ব্যাক এর পরিবর্তে বিকল্প নগদ সহায়তা পরিশোধের সংশোধিত পদ্ধতি।**

শিরোনামোক্ত বিষয়ে জারিকৃত এফই সার্কুলার নং ০৯, তারিখ : ০৫ মার্চ ২০০১ এর সাথে সংযোজিত আবেদন ফরম 'ক' এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, রপ্তানিমুখী তৈরি পোশাক উৎপাদনকারী-রপ্তানিকারক প্রতিষ্ঠান অভ্যন্তরীণ ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের মাধ্যমে বিটিএমএ'র সদস্য মিল থেকে সংগৃহীত সুতা দ্বারা অন্য প্রতিষ্ঠানের মাধ্যমে উৎপাদিত বস্ত্র থেকে প্রস্তুতকৃত তৈরি পোশাক রপ্তানির বিপরীতে সংশ্লিষ্ট প্রাপকপক্ষ নগদ সহায়তা প্রাপ্য হবে। এতদ্প্রেক্ষিতে এরূপ নগদ সহায়তার আবেদনের ক্ষেত্রে এতদ্সঙ্গে সংযোজিত ফরম-ক(১) ব্যবহার্য হবে।

৩। সার্কুলার জারির তারিখ থেকে জাহাজীকৃত পণ্যের ক্ষেত্রে এ নির্দেশনা কার্যকরী হবে।

৪। বস্ত্রখাতে নগদ সহায়তা পরিশোধের বিষয়ে জারিকৃত সকল এফই সার্কুলার/সার্কুলার পত্রের প্রযোজ্য অপরাপর নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

সংশ্লিষ্ট সকলপক্ষকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ খুরশীদ ওয়াহাব)
মহাব্যবস্থাপক
ফোন : ৯৫৩০১২৩

(অনুচ্ছেদ নম্বর ২, এফই সার্কুলার নম্বর ০৩/২০২০)

ফরম-ক(১)
(পৃষ্ঠা-১)

তৈরি পোশাক রপ্তানির বিপরীতে শুল্ক বন্ড ও ডিউটি ড্র-ব্যাক এর পরিবর্তে বিকল্প নগদ সহায়তার জন্য
<u>তৈরি পোশাক উৎপাদনকারী-রপ্তানিকারকের আবেদনপত্র।</u>

(ক) আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা :........................................................................................
রপ্তানি নিবন্ধন সনদপত্র (ইআরসি) নম্বর : ...................................................................................................

(খ) রপ্তানি ঋণপত্র/চুক্তিপত্র এর নম্বর, তারিখ ও মূল্য : ........................................................................................
(পাঠযোগ্য সত্যায়িত কপি দাখিল করতে হবে)

(গ) (১) রপ্তানিকৃত তৈরি পোশাক উৎপাদনে ব্যবহৃত উপকরণাদির সংগ্রহ সূত্র :

| উপকরণের নাম ও পরিমাণ | স্থানীয় সংগ্রহের ক্ষেত্রে সরবরাহকারীর নাম, অভ্যন্তরীণ ব্যাক-টু-ব্যাক ঋণপত্র নম্বর, তারিখ ও মূল্য | বিদেশ থেকে আমদানির ক্ষেত্রে ব্যাক-টু-ব্যাক আমদানি ঋণপত্র নম্বর, তারিখ ও মূল্য | বিকল্প নগদ সহায়তার প্রাপকপক্ষের নাম ও ঠিকানা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |

(২ ও ৩ নং কলামের ঋণপত্রের পাঠযোগ্য সত্যায়িত কপি দাখিল করতে হবে। অভ্যন্তরীণ ব্যাক-টু-ব্যাক ঋণপত্রে বিকল্প নগদ সহায়তার প্রাপকপক্ষের নাম ও ঠিকানা সুস্পষ্ট উল্লেখ থাকতে হবে। ২ নং কলামে উল্লিখিত দেশীয় বস্ত্র উৎপাদনে ব্যবহৃত উপকরণাদির জন্য শুল্ক বন্ড সুবিধা গ্রহণ করা হয়নি এবং ডিউটি-ড্র-ব্যাক বা বিকল্প নগদ সহায়তার আবেদন করা হয়নি বা হবে না মর্মে বস্ত্র উৎপাদনকারী-সরবরাহকারীর প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।)

(২) বস্ত্র উৎপাদনে ব্যবহৃত সুতা ও অন্যান্য উপকরণাদির সংগ্রহ সূত্র :

| উপকরণের নাম ও পরিমাণ | স্থানীয় সংগ্রহের ক্ষেত্রে সরবরাহকারীর নাম, অভ্যন্তরীণ ব্যাক-টু-ব্যাক ঋণপত্র নম্বর, তারিখ ও মূল্য | বিদেশ হতে আমদানির ক্ষেত্রে ব্যাক-টু-ব্যাক আমদানি ঋণপত্র নম্বর, তারিখ ও মূল্য |
|---|---|---|
| ১ | ২ | ৩ |

(২ ও ৩ নং কলামের ঋণপত্রের পাঠযোগ্য সত্যায়িত কপি দাখিল করতে হবে। ২ নং কলামে উল্লিখিত সুতা বিটিএমএ এর সদস্য মিল থেকে অভ্যন্তরীণ ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের বিপরীতে সংগ্রহের সমর্থনে বিটিএমএ এর নির্ধারিত ফরমে মিল ও বিটিএমএ কর্তৃপক্ষের স্বাক্ষর সম্বলিত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। আলোচ্য সুতা উৎপাদনে ব্যবহৃত উপকরণের উপর শুল্ক বন্ড সুবিধা গ্রহণ করা হয়নি এবং ডিউটি-ড্র-ব্যাক বা বিকল্প নগদ সহায়তার আবেদন করা হয়নি বা হবে না মর্মে সুতা সরবরাহকারীর প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।)

(৩) বিটিএমএ এর সদস্য মিল থেকে অভ্যন্তরীণ ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের আওতায় সংগ্রহকৃত সুতা দ্বারা অন্য প্রতিষ্ঠানের মাধ্যমে বস্ত্র উৎপাদন সংশ্লিষ্ট তথ্য :

| প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | উৎপাদিত বস্ত্রের পরিমাণ | বস্ত্র উৎপাদন ব্যয় | উৎপাদন ব্যয় পরিশোধ পদ্ধতি |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |

(৩ নং কলামে উল্লিখিত বস্ত্র উৎপাদন ব্যয় সংশ্লিষ্ট কাগজপত্রাদি দাখিল করতে হবে।)

(ঘ) চূড়ান্ত রপ্তানি চালানের বিবরণ :

| পণ্যের বর্ণনা | পরিমাণ | ইনভয়েস মূল্য (বৈদেশিক মুদ্রায়) | জাহাজীকরণের তারিখ | ইএক্সপি নম্বর | বৈদেশিক মুদ্রায় প্রত্যাবাসিত রপ্তানিমূল্য ও প্রত্যাবাসনের তারিখ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |

[রপ্তানি ইনভয়েস, বিল অব লেডিং/এয়ারওয়ে বিল এর পাঠযোগ্য সত্যায়িত কপি এবং মূল রপ্তানিমূল্য প্রত্যাবাসন সনদপত্র (পিআরসি) আবেদনের সাথে দাখিল করতে হবে।]

(ঙ) বিকল্প নগদ সহায়তার আবেদনকৃত অংক :

| রপ্তানি ঋণপত্রের/চুক্তিপত্রের বিপরীতে উপরোক্ত গ(৩) মোতাবেক সংগ্রহকৃত সুতা দ্বারা উৎপাদিত বস্ত্রের মূল্য | ১ নং কলামে উল্লিখিত বস্ত্র মূল্যের উপর প্রযোজ্য হারে নগদ সহায়তার অংক |
|---|---|
| ১ | ২ |

এ মর্মে অঙ্গীকার করা যাচ্ছে যে, উপরে ঘোষিত সূত্র থেকে সংগৃহীত বাংলাদেশে উৎপাদিত সুতা দ্বারা প্রস্তুতকৃত বস্ত্র ব্যবহারের মাধ্যমে আমাদের নিজস্ব প্রতিষ্ঠানে উৎপাদিত তৈরি পোশাক রপ্তানির বিপরীতে বিকল্প নগদ সহায়তার আবেদন করা হচ্ছে। আলোচ্য উৎপাদনে ব্যবহৃত উপকরণাদির জন্য আমরা শুল্ক বন্ড সুবিধা গ্রহণ করিনি বা ডিউটি-ড্র-ব্যাক সুবিধার জন্যও আবেদন করিনি এবং করব না। আবেদনপত্রে প্রদত্ত তথ্যাদি/ঘোষণা পরবর্তীতে ভুল/অসত্য পাওয়ার ক্ষেত্রে প্রদত্ত নগদ সহায়তার সমুদয় বা অংশবিশেষ আমাদের নিকট থেকে/আমাদের হিসাব থেকে আদায় করা যাবে।

তারিখঃ ..................

.............................................
আবেদনকারী প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/
ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর ও পদবি

(বিকল্প নগদ সহায়তা পরিশোধ নিষ্পত্তি সম্পাদনকারী ব্যাংক শাখার ব্যবহার্য অংশ)

(চ) বিকল্প নগদ সহায়তার পরিশোধ্য অংক হিসাবায়ন :

| রপ্তানি পণ্যের বর্ণনা | রপ্তানি পণ্যের জন্য অভ্যন্তরীণ মূল্য সংযোজনের ন্যূনতম শতকরা হার * | মোট প্রত্যাবাসিত রপ্তানিমূল্য | সিএন্ডএফ রপ্তানির ক্ষেত্রে জাহাজ ভাড়ার অংক | রপ্তানিমূল্য থেকে বিদেশে পরিশোধ্য কমিশন ইত্যাদি | নিট এফওবি রপ্তানিমূল্য [(৩)-(৪+৫)] | রপ্তানিপণ্য উৎপাদনে ব্যবহৃত আমদানিকৃত উপকরণাদির সিএন্ডএফ মূল্য [গ অনুচ্ছেদ ১(৩) ও ২(৩) কলাম মোতাবেক] | আমদানিকৃত উপকরণাদি সদ্ব্যবহার বাবদ প্রয়োজনীয় রপ্তানি আয়ের অংক $= (৭) \times \frac{১০০}{১০০-(২)}$ |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |

(* আমদানি নীতি আদেশের সংশ্লিষ্ট অনুচ্ছেদ/ঐ অনুচ্ছেদে উল্লিখিত অন্য তথ্যসূত্র হতে আলোচ্য হার উল্লেখ করতে হবে)

| রপ্তানি আয়ের মধ্যে দেশীয় সুতা দ্বারা উৎপাদিত বস্ত্র ব্যবহারের বিপরীত অর্জিত হিসেবে গণ্য অংশ (৬)-(৮) | (৯) নং কলামে উল্লিখিত রপ্তানি আয়ের জন্য দেশীয় বস্ত্র ব্যবহারে সর্বোচ্চ গ্রহণযোগ্য মূল্য $= (৯) \times \frac{১০০-(২)}{১০০}$ | (ঙ) অনুচ্ছেদে আবেদনকারী উল্লিখিত সংগৃহীত সুতা দ্বারা উৎপাদিত বস্ত্রের মূল্য | পরিশোধযোগ্য নগদ সহায়তার টাকার অংক : (১০) ও (১১) নং কলামের মধ্যে যেটি কম তার ওপর প্রযোজ্য হার × রপ্তানিমূল্য প্রত্যাবাসন তারিখে সংশ্লিষ্ট বৈদেশিক মুদ্রার ওডি সাইট ক্রয় হার |
|---|---|---|---|
| ৯ | ১০ | ১১ | ১২ |

আবেদনপত্রের সাথে দাখিলের জন্য নির্দেশিত সকল কাগজপত্র এবং আবেদনপত্রে পরিবেশিত তথ্যাদি সঠিক পেয়ে টাকা ................................... পরিশোধের অনুমোদন প্রদান করা হলো।

পরিশোধিত নগদ সহায়তার অংক টাকা : .........................................
পরিশোধের তারিখ : .......................

..........................................................
পরিশোধ অনুমোদনকারী কর্মকর্তার স্বাক্ষর ও পদবি